অধ্যায় ০৫

# আমাদের সংস্কৃতি

## আলোচ্য বিষয়

▸ আমাদের ভাষা, খাবার ও পোশাক

▸ আমাদের সংগীত, নৃত্য ও উৎসব অনুষ্ঠান।

## অধ্যায়ের মূলকথা



মানুষের ব্যবহৃত ভাষা, খাবার, পোশাক ও উৎসব ইত্যাদি মিলে সংস্কৃতি তৈরি হয়। সংস্কৃতির আরও উপাদান রয়েছে। যেমন– নৃত্য, সংগীত ও ধর্মীয় আচার-অনুষ্ঠান ইত্যাদি। বাংলাদেশের মানুষ হিসেবে আমাদের নিজস্ব ভাষা বাংলা। তাছাড়া এদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগণের রয়েছে নিজস্ব ভাষা। বাংলাদেশের সংস্কৃতির আরেকটি উল্লেখযোগ্য উপাদান হলো খাদ্য। দৈনন্দিন জীবনে আমরা ভাত, মাছ, মাংস, ভর্তা, সবজি, ডাল ইত্যাদি খাবার খাই। এছাড়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষদের কিছু ঐতিহ্যবাহী খাবার রয়েছে। যেমন– নাপ্পি, লাসৌ, থাংরো, শিংজু ইত্যাদি। বাংলাদেশের মানুষ নানা রকমের পোশাক পরে। এসব পোশাকও এদেশের সংস্কৃতির ঐতিহ্য। এছাড়া ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর জনগণের নিজস্ব ঐতিহ্যগত পোশাকও আছে।

বাংলাদেশের সংস্কৃতির অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান হলো সংগীত ও নৃত্য। সংগীতের মধ্যে বাউল, জারি, সারি, ভাটিয়ালি, পল্লিগীতি, ভাওয়াইয়া, নজরুল সংগীত ও রবীন্দ্র সংগীত উল্লেখযোগ্য। নৃত্যের মধ্যে লোক নৃত্য, সৃজনশীল নৃত্য, শাস্ত্রীয় নৃত্য উল্লেখযোগ্য। এছাড়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগণের আলাদা নিজস্ব সংগীত ও নৃত্য প্রচলিত আছে। বাংলাদেশের মানুষের বিভিন্ন ধরনের সামাজিক ও ধর্মীয় উৎসব-অনুষ্ঠানগুলোও সংস্কৃতির অন্তর্ভুক্ত। এসব উৎসব-অনুষ্ঠানের মাধ্যমে সকলের মধ্যে সম্প্রীতি বৃদ্ধি পায়।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

▣ বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য (ভাষা, খাবার, পোশাক, সংগীত, নৃত্য উৎসব-অনুষ্ঠান) জেনে এর প্রতি শ্রদ্ধাশীল হওয়া।

## অধ্যায়ের শিখনফল

▣ বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যের উপাদান বর্ণনা করতে পারবে।

▣ বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য চর্চার মাধ্যমে সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে পারবে।

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

## পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

### পাঠ ১ আমাদের ভাষা, খাবার ও পোশাক

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৬


**একক কাজ** ছবিগুলো দেখে খালিঘর পূরণ কর।


▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৬




১. কোন ভাষায় কথা বলা হয়েছে :

..........................................................






২. খাবারের নামগুলো লিখি :

..........................................................







৩. পুরুষের পোশাকের নাম :

..........................................................

৪. নারীদের পোশাকের নাম :

..........................................................

উত্তর : ছবিগুলো দেখে খালিঘর পূরণ করা হলো–


১. কোন ভাষায় কথা বলা হয়েছে :
   উত্তর : মাতৃভাষা।

২. খাবারের নামগুলো লিখি :
   উত্তর : মিষ্টান্ন, পিঠাপুলি, মাছ, ভর্তা, সবজি।

৩. পুরুষের পোশাকের নাম :
   উত্তর : শার্ট-প্যান্ট, লুঙ্গি-পাঞ্জাবি, ধুতি, ফতুয়া।

৪. নারীদের পোশাকের নাম :
   উত্তর : শাড়ি, সালোয়ার কামিজ, ফ্রক, বোরকা, ঘাগড়া।

**দলগত কাজ** (ক) অনুচ্ছেদে (পাঠ্যবইয়ের পৃষ্ঠা ৩৫-৩৭) উল্লিখিত সংস্কৃতির উপাদানগুলো খুঁজে নিচের বক্সে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৭





নির্দেশনা : পাঠ্যবই থেকে আমাদের সাংস্কৃতিক উপাদানগুলো খুঁজে বের করে বক্সে লিখবে।

**উত্তর :**





**দলগত কাজ** (খ) পরিবারে আমরা কী কী ধরনের পোশাক পরি ও খাবার খাই তার তালিকা করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৮



পোশাক

১. ________________
২. ________________
৩. ________________
৪. ________________
৫ ________________



খাবার

১. ________________
২. ________________
৩. ________________
৪. ________________
৫. ________________

নির্দেশনা : পাঠ্যবই থেকে সহায়তা নিয়ে আমরা কী কী ধরনের পোশাক পরি ও খাবার খাই তার তালিকা করবে।

নমুনা তালিকা : তোমাদের সুবিধার্থে নিচে একটি নমুনা তালিকা করে দেওয়া হলো–

| পোশাক | খাবার |
|---|---|
| ১. শার্ট-প্যান্ট, গেঞ্জি | ১. ভাত-মাছ, মাংস |
| ২. পায়জামা-পাঞ্জাবি | ২. পোলাও-বিরিয়ানি |
| ৩. লুঙ্গি-ফতুয়া | ৩. শাকসবজি |
| ৪. শাড়ি-ব্লাউজ | ৪. ফলমূল |
| ৫. সালোয়ার-কামিজ-ওড়না | ৫. ডাল-রুটি |

**জোড়ায় কাজ** (গ) শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসাই– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৮

| বাংলা | ভাষা | নাপ্পি | পোশাক সম্পর্কিত |
|---|---|---|---|

১. যোগাযোগে ব্যবহৃত সাংস্কৃতিক উপাদান --------------।
২. বাংলাদেশের রাষ্ট্রভাষার নাম --------------।
৩. বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী খাবার --------।
৪. শাড়ি ও পাঞ্জাবি -------------- সাংস্কৃতিক উপাদান।

নির্দেশনা : পাঠ্যবইয়ের সহায়তা নিয়ে শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসাবে।

**উত্তর :**

১. যোগাযোগে ব্যবহৃত সাংস্কৃতিক উপাদান **ভাষা**।
২. বাংলাদেশের রাষ্ট্রভাষার নাম **বাংলা**।
৩. বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী খাবার **নাপ্পি**।
৪. শাড়ি ও পাঞ্জাবি **পোশাক সম্পর্কিত** সাংস্কৃতিক উপাদান।

**একক কাজ** (ঘ) আমি বিবাহ, জন্মদিন, ধর্মীয় ইত্যাদি বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করেছি। সেগুলোতে লোকজন কী কী পোশাক পরে এসেছিল এবং কী কী খাবার পরিবেশন করা হয়েছিল তার একটি তালিকা তৈরি করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৮

| লোকজনের পরিধেয় পোশাকের নাম | পরিবেশিত খাবারের নাম |
|---|---|
| | |
| | |
| | |
| | |

উত্তর : তোমাদের সুবিধার্থে একটি তালিকা তৈরি করে দেওয়া হলো–

| লোকজনের পরিধেয় পোশাকের নাম | পরিবেশিত খাবারের নাম |
|---|---|
| শাড়ি, সালোয়ার-কামিজ, | ভাত, সবজি, মাছ, ডাল, |
| শার্ট-প্যান্ট, গেঞ্জি, ফতুয়া, | পোলাও-বিরিয়ানি, সালাদ, |
| স্যুট, ব্লেজার, টাই, | নান, কাবাব, কেক, ফল, মিষ্টি, |
| পাঞ্জাবি-পায়জামা | বোরহানি, পায়েস, ফিরনি, জুস |

## পাঠ ২ আমাদের সংগীত, নৃত্য ও উৎসব

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৯

**একক কাজ** ছবিগুলো দেখে ছবির নিচের প্রশ্নের উত্তর দাও।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৯



কী করছে?

.............................



কী করছে?

.............................

**উত্তর :**

**প্রথম ছবি : কী করছে?**

**উত্তর :** গান করছে।

**দ্বিতীয় ছবি : কী করছে?**

**উত্তর :** নৃত্য পরিবেশন করছে।



কী অনুষ্ঠানের ছবি?

.............................



কী অনুষ্ঠানের ছবি?

.............................

**উত্তর :**

**তৃতীয় ছবি : কী অনুষ্ঠানের ছবি?**


**উত্তর :** পহেলা বৈশাখ অনুষ্ঠানের ছবি।

**চতুর্থ ছবি : কী অনুষ্ঠানের ছবি?**

**উত্তর :** বৈশাখী মেলার দৃশ্য।

**দলগত কাজ** (ক) অনুচ্ছেদ (পাঠ্যবইয়ের পৃষ্ঠা ৩৯-৪০) পড়ে যেসব সংগীত, নৃত্য ও উৎসবের নাম জেনেছি তার তালিকা তৈরি করি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪০



| সংগীত | নৃত্য | উৎসব |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |

**নির্দেশনা :** পাঠ্যবইয়ের ৩৯-৪০ পৃষ্ঠা থেকে ধারণা নিয়ে তালিকাটি তৈরি করবে।

**উত্তর :**



**সংগীত**

বাউল, জারি-সারি, ভাটিয়ালি, ভাওয়াইয়া, নজরুল গীতি, রবীন্দ্র সংগীত, পল্লিগীতি, লালনগীতি



**নৃত্য**

লোকনৃত্য, সৃজনশীল নৃত্য, শাস্ত্রীয় নৃত্য, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নৃত্য



**উৎসব**

বাংলা নববর্ষ, নবান্ন উৎসব, ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, দুর্গাপূজা, কালীপূজা, বুদ্ধপূর্ণিমা, বড়দিন


**একক কাজ** (খ) শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসাই– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪১

| | | | |
|---|---|---|---|
| বাংলা নববর্ষ | বুদ্ধপূর্ণিমা | লালনগীতি | লোকনৃত্য |

১. ফকির লালন শাহ ------------ গান গাইতেন।
২. একটি জনগোষ্ঠীর জীবনঘনিষ্ঠ নৃত্য হচ্ছে ------------।
৩. বাংলাদেশের প্রধান সামাজিক উৎসব হচ্ছে ------------।
৪. গৌতম বুদ্ধের জন্মদিন উপলক্ষে পালন করা হয় --------।


**উত্তর :**
১. ফকির লালন শাহ <u>লালনগীতি</u> গান গাইতেন।
২. একটি জনগোষ্ঠীর জীবনঘনিষ্ঠ নৃত্য হচ্ছে <u>লোকনৃত্য।</u>
৩. বাংলাদেশের প্রধান সামাজিক উৎসব হচ্ছে <u>বাংলা নববর্ষ।</u>
৪. গৌতম বুদ্ধের জন্মদিন উপলক্ষে পালন করা হয় <u>বুদ্ধপূর্ণিমা।</u>

**জোড়ায় কাজ** (গ) বাম পাশের শব্দ/বাক্যাংশের সাথে মিল রেখে ডান পাশের উপযুক্ত শব্দ/বাক্যাংশ দাগ টেনে মিল করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪১





নির্দেশনা : পাঠ্যবই পড়ে দাগ টেনে শব্দ/ বাক্যাংশ মিল করবে।

**উত্তর :**





**একক কাজ** (ঘ) মনে করি আমি পহেলা বৈশাখ বা অন্য কোনো একটি উৎসব অনুষ্ঠানে অংশগ্রহণ করেছি। অনুষ্ঠানে আমি কী কী দেখেছি বা কী কী কাজ করেছি তার একটি তালিকা তৈরি করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪১

পাঠ্যবইয়ের :




**উত্তর :**




## শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

### পাঠ ১ আমাদের ভাষা, খাবার ও পোশাক

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর।**

**প্রশ্ন ১। আমরা কোন ভাষায় কথা বলি**
**উত্তর :** আমরা বাংলা ভাষায় কথা বলি।

**প্রশ্ন ২। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষ কোন ভাষায় কথা বলে?**
**উত্তর :** ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষ তাদের নিজস্ব ভাষায় কথা বলে।

**প্রশ্ন ৩। তুমি কী কী খেয়ে এসেছো?**
**উত্তর :** আমি ভাত, মাছ, লালশাক, ডাল ইত্যাদি খেয়ে এসেছি।

**প্রশ্ন ৪। বাড়িতে কী ধরনের পোশাক পরো?**
**উত্তর :** আমি বাড়িতে হাফপ্যান্ট, ফতুয়া, গেঞ্জি, শার্ট, টাউজার, পাঞ্জাবি-পায়জামা ইত্যাদি পোশাক পরি।

**দলগত কাজ** ছবির কার্ডগুলো দেখে পোশাক ও খাবারের নাম চিহ্নিত করে নিচের ছকটি পূরণ করি।





































| পোশাক ও খাবারের নাম | ছবির নম্বর |
|---|---|
| | |
| | |
| | |

নমুনা উত্তর :

| পোশাক ও খাবারের নাম | ছবির নম্বর |
|---|---|
| শাড়ি | ১ |
| পায়জামা-পাঞ্জাবি | ২ |
| টি-শার্ট-জিন্স | ৩ |
| শার্ট-প্যান্ট | ৪ |
| লুঙ্গি-গেঞ্জি | ৫ |
| বোরকা | ৬ |
| ফ্রক | ৭ |
| হাফ শার্ট-হাফ প্যান্ট | ৮ |
| টি-শার্ট-ফুল প্যান্ট | ৯ |
| ধুতি-গেঞ্জি | ১০ |
| পোলাও | ১১ |
| মাছ-ভাত | ১২ |
| মিষ্টি | ১৩ |
| বার্গার | ১৪ |
| পিঠাপুলি | ১৫ |
| পান্তা-ইলিশ | ১৬ |

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর।

**প্রশ্ন ১। আমাদের দেশে ব্যবহৃত ভাষা কী কী?**

**উত্তর :** বাংলাদেশের অধিকাংশ মানুষ বাংলা ভাষায় কথা বলে। তবে বাংলাদেশে অবস্থানরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষ তাদের নিজস্ব ভাষায় কথা বলে থাকে। যেমন– চাকমাদের আচিক ভাষা, মারমাদের বর্মী ভাষা ইত্যাদি।

**প্রশ্ন ২। আমরা কী কী ধরনের খাবার খাই?**

**উত্তর :** বাংলাদেশের মানুষের প্রধান খাবার হলো ভাত। এদেশের মানুষ দৈনন্দিন জীবনে ভাত, মাছ, মাংস, ভর্তা, ডাল, সবজি ইত্যাদি খাবার খেয়ে থাকে। এছাড়া বিভিন্ন উৎসব ও অনুষ্ঠানে পোলাও, কোর্মা, বিরিয়ানি, রোস্ট ইত্যাদি পরিবেশন করা হয়। এছাড়াও রয়েছে ফিরনি, সেমাই, দই, মিষ্টি ও বিভিন্ন রকমের পিঠা। বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষ তাদের নিজস্ব কিছু ঐতিহ্যবাহী খাবার গ্রহণ করে থাকে। যেমন– নাপ্পি, লাসৌ, থাংরো, শিংজু ইত্যাদি।

**প্রশ্ন ৩। কারা কী ধরনের পোশাক পরে?**

**উত্তর :** বাংলাদেশের মানুষ নানা রকমের পোশাক পরে। পুরুষরা লুঙ্গি, পায়জামা, ফতুয়া, পাঞ্জাবি, ধুতি ইত্যাদি পরত। বর্তমান সময়ে তারা শার্ট, প্যান্ট, স্যুট, সোয়েটার, জ্যাকেট ইত্যাদি পোশাক পরে। নারীদের ঐতিহ্যবাহী পোশাক শাড়ি। এছাড়াও সালোয়ার, কামিজ, ফ্রক, স্কার্ট, বোরকা, হিজাব ইত্যাদি পোশাক পরে। বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষ তাদের নিজস্ব কিছু ঐতিহ্যবাহী পোশাক পরে। যেমন– পিনন, হাদি, থামি, দকবান্দা, দকসারি ইত্যাদি।

## পাঠ ২ আমাদের সংগীত, নৃত্য ও উৎসব অনুষ্ঠান

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**দলগত কাজ** ছবিগুলো দেখে তালিকাটি পূরণ করি।












বাংলাদেশ ও বিশ্বপরিচয়



৫



৬


৭


৮



৯


১০


১১
Eid
MUBARAK


১২


১৩


১৪







পাঠ্যবইয়ের ছক :

| নাম | ছবির নম্বর |
|---|---|
| নাচ/নৃত্য | |
| উৎসব | |
| অনুষ্ঠান | |

নমুনা উত্তর :

| নাম | ছবির নম্বর |
|---|---|
| নাচ/নৃত্য | ১, ২, ৩, ৪, ৫ ও ৬ |
| উৎসব | ৭, ৮, ৯ ও ১০ |
| অনুষ্ঠান | ১১, ১২, ১৩, ১৪, ১৫ ও ১৬ |

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।**

১। আমাদের নিজস্ব কোনো ভাষা নেই।
২। মানুষের ব্যবহৃত ভাষা, খাবার, পোশাক মিলে সংস্কৃতি তৈরি হয়।
৩। বাংলা ভাষার কোনো আঞ্চলিক রূপ নেই।
৪। বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের নিজস্ব কোনো ভাষা নেই।
৫। বিশ্বে মাতৃভাষায় কথা বলা জনসংখ্যার মধ্যে বাংলা ভাষা পঞ্চম।
৬। মাতৃভাষার জন্য বাংলাদেশের মানুষ প্রাণ দিয়েছে।
৭। সংগীত আমাদের সংস্কৃতির উপাদান নয়।
৮। বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নিজস্ব ভাষার সংগীত রয়েছে।

**উত্তরমালা :** ১। মিথ্যা; ২। সত্য; ৩। মিথ্যা; ৪। মিথ্যা; ৫। সত্য; ৬। সত্য; ৭। মিথ্যা; ৮। সত্য।

**খ নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।**

১। আমাদের মাতৃভাষা —।
**উত্তর :** বাংলা।

২। আমরা — হিসেবে পোশাক পরিধান করে থাকি।
**উত্তর :** সামাজিক জীব।

৩। — আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যের অন্যতম উপাদান।
**উত্তর :** ভাষা।

৪। বাংলাদেশের সংস্কৃতির আর একটি উল্লেখযোগ্য উপাদান হলো —।
**উত্তর :** খাদ্য।

৫। বাংলাদেশের মানুষ জন্মগতভাবেই —।
**উত্তর :** ভোজনরসিক।

৬। বাংলাদেশের নারীদের ঐতিহ্যবাহী পোশাক হচ্ছে —।
**উত্তর :** শাড়ি।

৭। বাংলাদেশের মানুষের নিকট — খুব জনপ্রিয়।
**উত্তর :** সংগীত।

৮। আমাদের সংস্কৃতির বিশেষ উপাদান হচ্ছে —।
**উত্তর :** নৃত্য।

৯। দেশাত্মবোধক গানকে ভিত্তি করে পরিবেশিত নাচ হচ্ছে —।
**উত্তর :** সৃজনশীল নৃত্য।

১০। বাংলাদেশের প্রধান সামাজিক উৎসব হচ্ছে —।
**উত্তর :** বাংলা নববর্ষ।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।**

**প্রশ্ন ১। আমাদের মাতৃভাষা কী?**
**উত্তর :** আমাদের মাতৃভাষা বাংলা।

**প্রশ্ন ২। বিশ্বের মাতৃভাষায় কথা বলা জনসংখ্যার মধ্যে বাংলা ভাষার স্থান কততম?**
**উত্তর :** বিশ্বের মাতৃভাষায় কথা বলা জনসংখ্যার মধ্যে বাংলা ভাষার স্থান পঞ্চম।

**প্রশ্ন ৩। আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যের অন্যতম উপাদান কোনটি?**
**উত্তর :** আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যের অন্যতম উপাদান হলো ভাষা।

**প্রশ্ন ৪। বাঙালি নারীদের ঐতিহ্যবাহী পোশাকের নাম কী?**
**উত্তর :** বাঙালি নারীদের ঐতিহ্যবাহী পোশাকের নাম হচ্ছে শাড়ি।

**প্রশ্ন ৫। ফকির লালন শাহের গানকে আমরা কী বলি?**
**উত্তর :** লালনগীতি।

প্রশ্ন ৬। বাংলা সংস্কৃতির বিশেষ উপাদান কী?

উত্তর : বাংলা সংস্কৃতির বিশেষ উপাদান হচ্ছে নৃত্য।

প্রশ্ন ৭। লোকনৃত্য কী?

উত্তর : লোকনৃত্য হচ্ছে কোনো একটি অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীর জীবনঘনিষ্ঠ নৃত্য।

প্রশ্ন ৮। সৃজনশীল নৃত্য কোনগুলো?

উত্তর : নজরুল সংগীত, রবীন্দ্র সংগীত, আধুনিক গান, দেশাত্মবোধক গানকে ভিত্তি করে পরিবেশিত নৃত্য হচ্ছে সৃজনশীল নৃত্য।

**পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই**

**ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড় এবং সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ।**

১. মাতৃভাষায় কথা বলা জনসংখ্যার মধ্যে বিশ্বে বাংলা ভাষার অবস্থান কততম?
ক দ্বিতীয় খ তৃতীয়
গ চতুর্থ ঘ পঞ্চম
উত্তর : (ঘ) পঞ্চম।

২. ভাষা মানুষের কোন ঐতিহ্যের অন্যতম উপাদান?
ক মানবিক খ ধর্মীয়
গ রাজনৈতিক ঘ সাংস্কৃতিক
উত্তর : (ঘ) সাংস্কৃতিক।

৩. জারি, সারি, ভাটিয়ালি পল্লিগীতি, ভাওয়াইয়া, নজরুলগীতি— এগুলো নিচের কোনটির অন্তর্ভুক্ত?
ক ভাষা খ নৃত্য
গ খাবার ঘ সংগীত
উত্তর : (ঘ) সংগীত।

৪. কোনো একটি অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীর জীবনঘনিষ্ঠ নৃত্য কোনটি?
ক সৃজনশীল নৃত্য খ শাস্ত্রীয় নৃত্য
গ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নৃত্য ঘ লোকনৃত্য
উত্তর : (ঘ) লোকনৃত্য।

৫. পহেলা বৈশাখে কোন উৎসবটি পালিত হয়?
ক নবান্ন উৎসব খ বাংলা নববর্ষ
গ বড়দিন ঘ রাম উৎসব
উত্তর : (খ) বাংলা নববর্ষ।

৬. গৌতম বুদ্ধের জন্মদিন পালন করে কোন ধর্মাবলম্বী মানুষেরা?
ক মুসলিম খ হিন্দু
গ বৌদ্ধ ঘ খ্রীস্টান
উত্তর : (গ) বৌদ্ধ।

**খ নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।**

প্রশ্ন ১। সংস্কৃতি বলতে কী বোঝায়?

উত্তর : সামাজিক জীব হিসেবে মানুষ সমাজ জীবনে নানান কাজ করে থাকে। এ সকল কাজের সমষ্টি হলো সংস্কৃতি। সমাজে মানুষের সাথে মিলেমিশে বসবাসের জন্য নানা রকমের আচার-অনুষ্ঠান পালন করে থাকি। মানুষের ব্যবহৃত ভাষা, খাবার, পোশাক, আচার-অনুষ্ঠান সবকিছুকেই সংস্কৃতি বলা হয়।

প্রশ্ন ২। বাংলাদেশের সংগীত সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

উত্তর : বাংলাদেশের সংস্কৃতির গুরুত্বপূর্ণ উপাদান হলো সংগীত। এদেশে নানা ধরনের সংগীত প্রচলিত আছে। এর মধ্যে বাউল, জারি, সারি, ভাটিয়ালি, পল্লিগীতি, ভাওয়াইয়া, নজরুল গীতি, রবীন্দ্র সংগীত, আধুনিক গান অন্যতম। লালনগীতি ও হাসন রাজার গানও খুব জনপ্রিয়। এছাড়া এদেশের বিভিন্ন অঞ্চলের আঞ্চলিক গানও রয়েছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নিজস্ব ভাষার গানও জনপ্রিয়।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**ক বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল করে লেখ।**

প্রশ্ন ১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) আমাদের নিজস্ব | খাবার খেয়ে থাকি। |
| (খ) জীবনধারণের জন্য আমরা | মিলে সংস্কৃতি তৈরি হয়। |
| (গ) সামাজিক জীব হিসেবে আমরা | ভাষা রয়েছে। |
| (ঘ) মানুষের ব্যবহৃত ভাষা, খাবার, পোশাক | বিভিন্ন আঞ্চলিক রূপ। |
| (ঙ) ভাষা আমাদের সাংস্কৃতিক | পোশাক পরিধান করে থাকি। |
| | ঐতিহ্যের অন্যতম উপাদান। |
| | বাংলা ভাষা পঞ্চম। |

উত্তরমালা :

(ক) আমাদের নিজস্ব ভাষা রয়েছে।
(খ) জীবনধারণের জন্য আমরা খাবার খেয়ে থাকি।
(গ) সামাজিক জীব হিসেবে আমরা পোশাক পরিধান করে থাকি।
(ঘ) মানুষের ব্যবহৃত ভাষা, খাবার, পোশাক মিলে সংস্কৃতি তৈরি হয়।
(ঙ) ভাষা আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যের অন্যতম উপাদান।

**খ নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।**

প্রশ্ন ১। বাঙালি সংস্কৃতির চারটি উপাদানের নাম লেখ। বাঙালি সংস্কৃতির উপাদানগুলোর মধ্যে কোনটি তোমার সবচেয়ে পছন্দের?

উত্তর : বাঙালি সংস্কৃতির চারটি উপাদান হলো—
১. বাংলা ভাষা, ২. পান্তা ভাত, ৩. লোকসংগীত ও ৪. গ্রাম্য মেলা। বাঙালি সংস্কৃতির মধ্যে আমার সবচেয়ে পছন্দের উপাদান হলো লোকসংগীত।

প্রশ্ন ২। নবান্ন কী? নবান্ন সম্পর্কে চারটি বাক্য লেখ।

উত্তর : নবান্ন হচ্ছে গ্রামবাংলার একটি উৎসব।
এ উৎসব সম্পর্কে চারটি বাক্য হলো—
১. এ সময় কৃষকরা নতুন ধান ঘরে তোলেন।
২. নতুন ধানের চাল দিয়ে নানা রকম পিঠা তৈরি করা হয়।
৩. এ সময় বিভিন্ন নাচ-গানের ব্যবস্থা করা হয়।
৪. বাংলা অগ্রহায়ণ মাসে এ উৎসব পালন করা হয়।

প্রশ্ন ৩। আমাদের মাতৃভাষার নাম কী? আমরা কোন ভাষাতে পড়ি, লিখি ও কথা বলি? বিশ্বে মাতৃভাষায় কথা বলা জনসংখ্যার মধ্যে বাংলা ভাষার অবস্থান কত?

উত্তর : আমাদের মাতৃভাষার নাম বাংলা। আমরা বাংলা ভাষাতে পড়ি, লিখি ও কথা বলি। বিশ্বে মাতৃভাষায় কথা বলা জনসংখ্যার মধ্যে বাংলা ভাষার অবস্থান পঞ্চম।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | • বাংলাদেশের সংস্কৃতি ও সংস্কৃতির উপাদান সম্পর্কে বলতে পারবে | | | |
| | • বাংলাদেশের বিভিন্ন সংস্কৃতি (ভাষা, খাবার, পোশাক, নৃত্য, সংগীত ও উৎসব) সম্পর্কে বলতে পারবে | | | |
| | • ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতি সম্পর্কে বলতে পারবে | | | |
| দক্ষতা | • বাংলাদেশের সংস্কৃতির বিভিন্ন উপাদানের (ভাষা, খাবার, পোশাক, সংগীত, নৃত্য এবং আচার-অনুষ্ঠান) গুরুত্ব সম্পর্কে বলতে ও লিখতে পারবে | | | |
| | • সংস্কৃতির নিজস্ব উপাদান ছাড়াও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ঐতিহ্যের গুরুত্ব বলতে ও লিখতে পারবে | | | |
| দৃষ্টিভঙ্গি | • নিজস্ব সংস্কৃতি ছাড়াও অন্যান্য সংস্কৃতির প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি তৈরি হবে | | | |
| | • ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষদের সংস্কৃতি সম্পর্কে ধারণা সৃষ্টি হবে | | | |
| মূল্যবোধ | • সব ধরনের সংস্কৃতি ও মানুষের জীবনাচরণের প্রতি সম্মান প্রদর্শনের ক্ষেত্র তৈরি হবে। সাথে সাথে পারস্পরিক সম্প্রীতি সৃষ্টি হবে | | | |


## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

**ধারাবাহিক মূল্যায়ন**


তারিখ : ☐☐☐ সময় : ..............

শিক্ষার্থীর নাম : .............................. শ্রেণি : .............................. রোল নম্বর : ☐

১। অনুচ্ছেদে উল্লিখিত সংস্কৃতির উপাদানগুলো খুঁজে নিচের বক্সে লিখি।




২। বাম পাশের শব্দ/বাক্যাংশের সাথে মিল রেখে ডান পাশের উপযুক্ত শব্দ/বাক্যাংশ দাগ টেনে মিল করি।




৩। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) আমাদের নিজস্ব | খাবার খেয়ে থাকি। |
| (খ) জীবনধারণের জন্য আমরা | পোশাক পরিধান করে থাকি। |
| (গ) সামাজিক জীব হিসেবে আমরা | খাবার রয়েছে |
| | ভাষা রয়েছে। |

৪। নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

(ক) বাঙালি সংস্কৃতির চারটি উপাদানের নাম লেখ। বাঙালি সংস্কৃতির উপাদানগুলোর মধ্যে কোনটি তোমার সবচেয়ে পছন্দের?

(খ) আমাদের মাতৃভাষার নাম কী? আমরা কোন ভাষাতে পড়ি, লিখি ও কথা বলি? বিশ্বে মাতৃভাষায় কথা বলা জনসংখ্যার মধ্যে বাংলা ভাষার অবস্থান কত?

### উত্তরমালা

১। ৪৮ পৃষ্ঠার ১নং পাঠের দলগত কাজ (ক) দ্রষ্টব্য।

২। ৫০ পৃষ্ঠার ২নং পাঠের জোড়ায় কাজ (গ) দ্রষ্টব্য।

৩। (ক) আমাদের নিজস্ব ভাষা রয়েছে;
(খ) জীবনধারণের জন্য আমরা খাবার খেয়ে থাকি;
(গ) সামাজিক জীব হিসেবে আমরা পোশাক পরিধান করে থাকি।

৪। (ক) ৫৫ পৃষ্ঠার ১নং প্রশ্নোত্তর দ্রষ্টব্য।
(খ) ৫৫ পৃষ্ঠার ৩নং প্রশ্নোত্তর দ্রষ্টব্য।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐